**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 13-05-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, স্বাস্থ্য পরিষেবার মানোন্নয়নের ফলে রাজ্য থেকে রেফারেল রোগীর সংখ্যা ৮০ শতাংশ হ্রাস পেয়েছে।**

**(২) কেন্দ্রীয় সরকার ১৪টি খারিফ ফসলের ন্যূনতম সহায়ক মূল্য বৃদ্ধির অনুমোদন দিয়েছে।**

**(৩) সি.বি.এস.ই দ্বাদশ শ্রেণির পরীক্ষার ফলাফল ঘোষিত।**

**(৪) তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেট প্রতিযোগিতায় কসমোপলিটন ও স্ফুলিঙ্গ ক্লাব সেমিফাইনালে উঠেছে।**

****************************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যের স্বাস্থ্য পরিষেবার মানোন্নয়নে এবং এর পরিধি বৃদ্ধির ক্ষেত্রে রাজ্য সরকার বিশেষ গুরুত্ব দিয়েছে। এরফলে রাজ্য থেকে রেফারেল রোগীর সংখ্যা ৮০ শতাংশ হ্রাস পেয়েছে। আজ রবীন্দ্র শতবার্ষিকী ভবনে স্বাস্থ্য দপ্তর আয়োজিত আন্তর্জাতিক সেবিকা দিবস উদযাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী সেবিকা ফ্লোরেন্স নাইটিঙ্গেলের জীবনের সেবামূলক কাজের স্মরণ করে বলেন, তিনি ছিলেন একজন প্রকৃত মানবদরদী। সেবার মধ্য দিয়ে মানুষকে ভালোবাসার এক উজ্জ্বল দৃষ্টান্ত তিনি রেখে গেছেন।

মুখ্যমন্ত্রী বলেন, চিকিৎসা পরিষেবার মানোন্নয়ন এবং তা মানুষের কাছে আরও দ্রুত পৌঁছে দেওয়ার লক্ষ্যে রাজ্য সরকার রাজ্যে একটি মেডিক্যাল

ইউনিভার্সিটি গড়ে তোলার উদ্যোগ নিয়েছে। রাজ্যে আরও সুপার স্পেশালিটি হাসপাতাল ও নতুন চক্ষু চিকিৎসা হাসপাতাল স্থাপন করা হবে। এডিসি এলাকায় গড়ে তোলা হবে একটি নতুন মেডিক্যাল কলেজ।

মুখ্যমন্ত্রী বলেন, নার্স বা সেবিকাদের সবাই শ্রদ্ধার সঙ্গে দেখে থাকেন। কোভিডকালীন সময়ে চিকিৎসক ও সেবিকারা একেকজন যোদ্ধার মতো কাজ করেছেন। তিনি বলেন, ইতিমধ্যে ১৫৩ জন নার্সিং স্টাফ নিয়োগ করা হয়েছে এবং আরও ১০০ জনকে নিয়োগ করা হবে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে, স্বাস্থ্য অধিকর্তা ডা. দেবাশ্রী দেববর্মা।

************************

**Oath Taking :**

ধর্মনগর বিধানসভা কেন্দ্র থেকে উপনির্বাচনে নির্বাচিত বিজেপি দলের জওহর চক্রবর্তী আজ রাজ্য বিধানসভার সদস্য হিসাবে শপথ গ্রহন করেছেন। আজ দুপুরে বিধানসভার লবিতে এক সংক্ষিপ্ত অনুষ্ঠানে বিধানসভার অধ্যক্ষ রামপদ জমাতিয়া শ্রী চক্রবর্তীকে শপথবাক্য পাঠ করান। শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা সহ বিধানসভার অন্যান্য সদস্যগন।

**************************

**MSP :**

কেন্দ্রীয় সরকার ১৪টি খারিফ ফসলের ন্যূনতম সহায়ক মূল্য বৃদ্ধির অনুমোদন দিয়েছে। কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকের পর তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো একথা জানান। তিনি জানান, কৃষকরা যাতে তাদের উৎপাদিত ফসলের লাভজনক মূল্য পান, তা নিশ্চিত করতে সরকার খারিফ ফসলের সহায়ক মূল্য এম.এস.পি বাড়িয়েছে। এই খারিফ মরশুমে কৃষকদের আনুমানিক প্রাপ্তি হবে দুই লক্ষ ৬০ হাজার কোটি টাকা। আনুমানিক ৮২৪ লক্ষ মেট্রিক টনেরও বেশি ফসল সংগ্রহ করা হবে। শ্রী বৈষ্ণো বলেন, সূর্যমুখী বীজের জন্য প্রতি কুইন্টাল সহায়ক মূল্য সর্বোচ্চ

৬২২ টাকা বৃদ্ধির সুপারিশ করা হয়েছে। তুলার জন্য প্রতি কুইন্টাল ৫৫৭ টাকা এবং তিল প্রতি কুইন্টাল ৫০০ টাকা বৃদ্ধির সুপারিশ করা হয়েছে। তিনি বলেন, 'এ' গ্রেড ধানের ন্যূনতম সহায়ক মূল্য হবে কুইন্টাল প্রতি ২ হাজার ৪৬১ টাকা, জোয়ার হাইব্রিডের জন্য হবে কুইন্টাল প্রতি ৪ হাজার ২৩ টাকা, বাজরার জন্য ২ হাজার ৯০০ টাকা এবং অড়হর হবে কুইন্টাল প্রতি ৮ হাজার ৪৫০ টাকা।

**************************

**Press Meet-CAU :**

কেন্দ্রীয় কৃষি বিশ্ববিদ্যালয় (ইম্ফল), কৃষি ও পরিবেশবান্ধব প্রযুক্তির প্রসারে গুরুত্বপূর্ণ উদ্যোগ গ্রহণ করেছে। আজ কৃষি মহাবিদ্যালয়ে সাংবাদিক সম্মেলনে বিশ্ববিদ্যালয়ের ডিন অধ্যাপক ড. অরুণ ভাই প্যাটেল বলেন, কৃষিক্ষেত্রে রাসায়নিক সারের উপর অতিরিক্ত নির্ভরতা কমাতে হবে। ধান চাষে উৎপন্ন খড়কে অনেক সময় পুড়িয়ে ফেলার ফলে পরিবেশ দূষণের পাশাপাশি মাটির উর্বরতাও ক্ষতিগ্রস্ত হয়। এই পরিস্থিতিতে-কৃষিজ বর্জ্যকে বায়ো-এনার্জি উৎপাদন ও জৈব সার তৈরির কাজে ব্যবহার করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

তিনি আরো বলেন, ধানের খড় ও অন্যান্য জৈব উপাদান সঠিকভাবে ব্যবহারের মাধ্যমে মাটির পুষ্টিগুণ বৃদ্ধি, সারের কার্যকারিতা বাড়ানো এবং কৃষি উৎপাদন বৃদ্ধির সুযোগ রয়েছে। পাশাপাশি পরিবেশ দূষণও অনেকাংশে কমানো সম্ভব হবে। তিনি বলেন, কৃষি বর্জ্য থেকে জৈব শক্তি উৎপাদনের মাধ্যমে একদিকে যেমন বিকল্প জ্বালানির উৎস তৈরি হবে, অন্যদিকে মাটির স্বাস্থ্যও উন্নত হবে। সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের অ্যাসোসিয়েট প্রফেসর ড. হিমাংশু প্রিয়দর্শী, সহকারী অধ্যাপক ড. বিনোদ কুমার নায়েক এবং মিডিয়া ম্যানেজমেন্ট বিভাগের নোডাল অফিসার ড. অমিতাভ ঘোষ।

**************************

**Chief minister of Delhi visit :**

মাতাবাড়িতে ত্রিপুরা সুন্দরী মন্দিরে আজ পূজা দিলেন দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা এবং উত্তর প্রদেশের উপমুখ্যমন্ত্রী ব্রজেশ পাঠক। মন্দিরে পৌঁছালে তাঁদের স্বাগত জানান গোমতী জেলার জেলা শাসক রিংকু লাথের এবং জেলা পুলিশ সুপার কিরণ কুমার। তারা মাতা ত্রিপুরা সুন্দরী মন্দিরে পূজার্চনা করেন।

*************************

**Government Raises Import Duty on Gold :**

সোনা এবং অন্যান্য মূল্যবান ধাতুর ওপর আমদানি শুল্ক বাড়িয়েছে কেন্দ্রীয় সরকার। এই বর্ধিত শুল্ক আজ থেকেই কার্যকর হয়েছে। অর্থ মন্ত্রণালয় জানিয়েছে, সোনা ও রুপার কাঁচামালের ওপর ৫ শতাংশ এবং প্ল্যাটিনামের কাঁচামালের ওপর ৫.৪ শতাংশ শুল্ক আরোপ করা হবে। এছাড়াও, নির্দিষ্ট শর্তাবলী পূরণ সাপেক্ষে মূল্যবান ধাতুর ব্যবহৃত অনুঘটকের ওপর ৪.৩৫ শতাংশ শুল্ক নির্ধারণ করা হয়েছে। এর আগে, চলমান পশ্চিম এশীয় সংকটের মধ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নাগরিকদের সোনা কেনা থেকে বিরত থাকার আহ্বান জানিয়েছিলেন।

*************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউটিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**CBSE Result :**

সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন (সিবিএসই) আজ দ্বাদশ শ্রেণির বোর্ড পরীক্ষার ফলাফল ঘোষণা করেছে। সি.বি.এস.ই জানিয়েছে, ১৭ লক্ষ ৬৮ হাজারেরও বেশি শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়েছিল। এরমধ্যে ১৫ লক্ষ ৭ হাজারেরও বেশি শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছে। এই বছর সামগ্রিক পাশের হার ৮৫.২০ শতাংশ। ছাত্রীদের পাশের হার ৮৮.৮৬ শতাংশ, যেখানে ছাত্রদের পাশের হার ৮২.১৩ শতাংশ।

****************************

**Package Story-MIDH :**

"কৃষকদের উন্নয়নে ভারত সরকারের বড় পদক্ষেপ মিশন ফর ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট অফ হর্টিকালচার বা সুসংহত উদ্যান চাষ উন্নয়ন অভিযান। সংক্ষেপে MIDH এই প্রকল্পের মাধ্যমে উদ্যান ও বাগিচা চাষে মিলছে বিশেষ সহায়তা। ত্রিপুরার ঊনকোটি জেলাতেও MIDH কর্মসূচি চলছে জোরকদমে। এনিয়ে একটি প্রতিবেদন।

#######VC######

***********************

**Sepahijala-Administrative Camp :**

চড়িলাম ব্লকের অধীন সুতারমুড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে আজ সিপাহীজলা জেলাভিত্তিক প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসন আয়োজিত এই প্রশাসনিক শিবিরে সুতারমুড়া, বংশীবাড়ি, রামনগর সহ আশপাশের বেশ কয়েকটি গ্রামীণ জনপদের শতশত মানুষ তাদের প্রয়োজনীয় প্রশাসনিক

পরিষেবা গ্রহণ করেন। হাতের কাছে প্রশানিক পরিষেবা পেয়ে খুশি এলাকার লোকজন। প্রশাসনিক শিবিরে উপস্থিত ছিলেন সিপাহীজলা জেলার জেলাশাসক ডক্টর সির্দ্ধাথ শিব জয়সওয়াল।

*************************

**BJP–Press Meet :**

পন্ডিত দীনদয়াল উপাধ্যায় প্রশিক্ষণ মহাভিযানের অঙ্গ হিসেবে আগামীকাল থেকে মন্ডল প্রশিক্ষণ পর্ব শুরু হবে। আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে প্রদেশ বিজেপি মুখপাত্র সুব্রত চক্রবর্তী এখবর জানিয়েছেন। তিনি জানান, আগামীকাল আগরতলার নাগেরজলায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা এই কর্মসূচির উদ্বোধন করবেন।

***********************

**Congres–Press Meet :**

প্রশ্নপত্র ফাঁসের পরিপ্রেক্ষিতে নিট–ইউ.জি পরীক্ষা বাতিল করায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে প্রদেশ যুব কংগ্রেস। আজ আগরতলা কংগ্রেস ভবনে আয়োজিত সাংবাদিক সম্মেলনে যুব কংগ্রেসের রাজ্য সভাপতি নীলকমল সাহা অভিযোগ করেন, নিট–ইউ.জি পরীক্ষা বাতিল হওয়ায় লক্ষ লক্ষ মেধাবী পরীক্ষার্থীর মনোবল ভেঙে পড়েছে। তিনি ন্যাশনাল টেস্টিং এজেন্সি ভেঙে দিয়ে মেডিকেল এন্ট্রান্স পরীক্ষার দায়িত্ব রাজ্যগুলির হাতে ফিরিয়ে দেবার দাবি জানান।

*************************

**CBI arrest :**

রাজ্যে চিটফান্ড প্রতারনা মামলায় কলকাতায় কসমিক নেগোশিয়েটর্স প্রাইভেট লিমিটেড–এর চেয়ারম্যান সঞ্জিত চক্রবর্তীকে গ্রেপ্তার করেছে সিবিআই। সি.বি.আই জানিয়েছে, রাজ্যে ৭ কোটি ৭৫ লক্ষ টাকার প্রতারনার দুটি মামলায় দীর্ঘ ১৩ বছর ধরে পলাতক ছিলেন তিনি। গতকাল কলকাতা

শহর থেকে তাকে গ্রেপ্তার করা হয়। আগরতলায় সি.বি.আই আদালতে তাকে হাজির করা হবে।

***********************

**Knockout Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেট প্রতিযোগিতায় কসমোপলিটন ক্লাব ও স্ফুলিঙ্গ ক্লাব সেমিফাইনালে উঠেছে। আজ আসরের শেষ দুটি কোয়ার্টার ফাইনাল অনুষ্ঠিত হয়। এম বি বি স্টেডিয়ামে স্ফুলিঙ্গ ক্লাব ৭ উইকেটে হার্ভে ক্লাবকে এবং নরসিংগড়ের পি টি এ মাঠে কসমোপলিটন ক্লাব ৬ রানে বনমালিপুর ক্রিকেট ক্লাবকে পরাজিত করে। আগামী ১৫ই মে দুটি সেমিফাইনাল হবে।

************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় ঊনকোটি ও উত্তর জেলায় ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া অন্যান্য জেলায় বজ্রবিদ্যুৎ এবং ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪.৯ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টিপাতের পরিমান ৬.৪ মিলিমিটার।

****************************